

ঢাকা ওয়াসা

- ১) ২০২৫-২৬ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২) বাজার দরের কপি।
- ৩) প্রাক্কলন।


বিষয়: Servicing and AC Gas Refill of 3(Three) Nos Air Conditioner (AC) used at MODS Zone-3 Office, Under MODS Zone-3, Dhaka WASA শীর্ষক কাজ অনুমোদন প্রসংগে।

১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার লালমাটিয়া অফিস বিল্ডিং এর তৃতীয় তলায় মডস জোন-৩ এর কার্যালয় বিদ্যমান। অত্র কার্যালয়ে নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলীসহ ডিএমএ ম্যানেজার ও ডেপুটি ম্যানেজারগণ সুষ্ঠু পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন নিশ্চিত করণে নিয়মিত অফিস কার্যক্রম পরিচালনা করে থাকেন। অফিস কক্ষ সমূহে সুষ্ঠু ও আরামদায়ক কর্ম-পরিবেশ বজায় রাখার জন্য অত্র কার্যালয়ের নির্বাহী প্রকৌশলী, স্ক্যাডা কন্ট্রোল রুমসহ অন্যান্য কক্ষে Air Conditioner (AC) স্থাপিত আছে। তন্মধ্যে নির্বাহী প্রকৌশলীর কক্ষসহ অন্য দুটি কক্ষের শীতকালীন সময়ে বন্ধ থাকার পর সম্প্রতি চালু করা হলে দেখা যায় Air Conditioner (AC) সমূহ যথাযথ ভাবে কাজ করছেনা। টেকনিশিয়ান দ্বারা পরীক্ষা করে দেখা যায় AC Gas লিকেজ হয়ে চাপ কমে গিয়েছে। ফলে Air Conditioner (AC) সমূহ যথাযথ কাজ করছেনা। তাছাড়াও ঝুঁকিমুক্তভাবে Air Conditioner (AC) সমূহ চালানোর জন্য সার্ভিসিং করা প্রয়োজন।

২) উপরিউক্ত বর্ণনা মোতাবেক অত্র অফিসে ব্যবহৃত ৩(তিন)টি Air Conditioner (AC) এর প্রয়োজনীয় AC Gas রি-ফিল এবং সার্ভিসিং এর জন্য বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনে ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে মোট ৳২২,৮০০.০০ (বাইশ হাজার আটশত) টাকা মাত্র। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম) সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “অফিস বিল্ডিং রক্ষণাবেক্ষণ” (কোড নং-০১-০৪-০০৭) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং B-13(2) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটির অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

৩) এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Servicing and AC Gas Refill of 3(Three) Nos Air Conditioner (AC) used at MODS Zone-3 Office, Under MODS Zone-3, Dhaka WASA শীর্ষক কাজের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

- ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য ৳২২,৮০০.০০ (বাইশ হাজার আটশত) টাকা মাত্র এর অনুমোদন;
 - খ) জনস্বার্থে কাজটি জরুরী বিবেচনায় কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম) সম্পন্ন করার অনুমোদন এবং
 - গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “অফিস বিল্ডিং রক্ষণাবেক্ষণ” (কোড নং-০১-০৪-০০৭) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং B-13(2) হতে নির্বাহ করার অনুমোদন।
- বর্ণিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।



১৪১/জান-৬
০৪.০৬.২০২৬

Mamun
০৪/০৬/২৬
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা

Milun
০৪.০৩.২৬
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

SE
০৪.৩.২৬
সালেহ মোহাম্মদ তাওসিফ
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

SE, MODS CIR-1.

Faruk
০৬/০৬/২৬
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

৪। স্বাক্ষর অনুমোদিত।

SE MODS-1

Mamun
০৪/০৬/২৬
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।